

## ২। শিশুদের জন্য পারিবারিক ডাক্তার এবং শিশু বিশেষজ্ঞ বেছে নিন

আপনি যখন S.S.N-এ নিবন্ধন করবেন, তখন আপনি আপনার পারিবারিক ডাক্তার এবং, যদি আপনার ১৪ বছরের কমবয়সী সন্তান থাকে, তাহলে তাদের শিশুরোগ বিশেষজ্ঞকে নির্বাচন করতে পারবেন। পারিবারিক ডাক্তারের সাথে সময়োত্তর মাধ্যমে ৬ বছর বয়স থেকে পারিবারিক ডাক্তার নির্বাচন করা সম্ভব।

কেউ অসুস্থ হয়ে থাকলে পারিবারিক ডাক্তার বা শিশুরোগ বিশেষজ্ঞ ওষুধ লিখে দিবেন, বিশেষজ্ঞ ভিজিটের জন্য প্রেসক্রিপশন লিখে দেন, কাজে অনুপস্থিতির জবাবদিহিতার জন্য আপনাকে অসুস্থতার সার্টিফিকেট দেন, জরুরি নয় এমন ক্ষেত্রে হাসপাতালে ভর্তির জন্য অনুরোধ, শিশুর অসুস্থতার কারণে স্কুলে অনুপস্থিত থাকলে পুনরায় স্কুলে প্রত্যাবর্তনের জন্য সার্টিফিকেট, বিনোদনমূলক এবং ক্রীড়া কার্যক্রমের জন্য সার্টিফিকেট ইত্যাদি। আপনি যেকোনো সময় আপনার ডাক্তার বা শিশু বিশেষজ্ঞ পরিবর্তন করতে পারেন।

কিভাবে পারিবারিক ডাক্তার বা শিশু বিশেষজ্ঞ নির্বাচন করতে পারেন :

আপনার পারিবারিক ডাক্তার বা শিশু বিশেষজ্ঞ নির্বাচন বা পরিবর্তন করার পদ্ধতি জানার জন্য এই ওয়েবসাইটে দেখুন :

<https://www.uslcentro.toscana.it/index.php/servizi-e-attivita/medico-di-famiglia/2657-scelta-e-cambio-del-medico-di-famiglia-o-del-pediatra>

এই একক প্রাতিষ্ঠানিক নাম্বারের 055-545454 ফোন দিয়ে ২ বাটন চেপে এপ্যেন্টমেন্ট নেওয়ার মাধ্যমে আপনি স্বাস্থ্য নিবন্ধন অফিসে আপনার পারিবারিক ডাক্তার বা শিশু বিশেষজ্ঞ নির্বাচন বা পরিবর্তন করতে পারবেন। ফোন করার সময়সূচী হলো সোমবার থেকে শুক্রবার সকাল ৭.৪৫ থেকে বিকাল ৬.৩০ পর্যন্ত, শনিবার এবং সরকারী ছুটির আগের দিন সকাল ৭.৪৫ থেকে থেকে দুপুর ১২.৩০পর্যন্ত ( presidi D'Annunzio, Santa Rosa, Canova, Morgagni, Le Piagge)